# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১২.০৬.০১৫.১৭ তারিখ: ১৯/০৩/২০২৫খ্রিঃ

প্রাপক:

--------------------------------

--------------------------------

সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিষয়: "সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির" সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রশাসক মহোদয়ের দপ্তরে বর্ণিত কমিটির সভা অনুষ্ঠিত হবে উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। টিসিবি কার্যক্রম প্রসঙ্গো।
৩। মশক নিধন কার্যক্রম প্রসঙ্গো।
৪। মা ও শিশু সহায়তা কার্যক্রম প্রসঙ্গো।

১৯.০৩.২০২৫

মোঃ আতিকুর রহমান
জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ
ও
সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**অনুলিপি (সদয় অবগতির জন্য):-**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি এ টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

**www.ncc.gov.bd**

## সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুর রহমান<br>জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ ও<br>সভাপতি, সমাজকল্যান ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২৫/০৩/২০২৫খ্রি.। |
| সভার সময় | : | সকাল ১০.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : | প্রশাসক মহোদয়ের দপ্তর, এনসিসি। |

## সভার হাজিরা "সংযোজনী-ক" দ্বারা সংযুক্ত করা হলো।

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব মোঃ আতিকুর রহমান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্যসূচী অনুসারে আলোচনা শুরু করার জন্য কমিটির সাচিবিক সহায়তা এবং প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

**আলোচনা:** গত সভার কার্যবিবরনী পাঠ করেন জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সিদ্ধান্ত:** কার্যবিবরনীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচী-২: টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।**

**আলোচনা:** জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা টিসিবি কার্যক্রম বিষয়ে সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন একটি জনবহুল এলাকা। এখানে প্রায় ২০ লক্ষ মানুষের বসবাস। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্ন আয়ের মানুষের জন্য নিত্য প্রয়োজনীয় পণ্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয়ের উদ্যোগ নিয়েছে। এ লক্ষে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বরাদ্দ ১,১৫,০০০ টির মধ্যে ৭৮,৫৯০টি স্মার্ট কার্ড পাওয়া গেছে। যার মধ্যে বিতরণ কৃত কার্ডের পরিমান ৩৫,৮৩৫। নির্দিষ্ট সময়ে কার্ড বিতরন শেষ না হওয়ায় নতুন কার্ডের আবেদন করা শুরু হয়েছে।

**সিদ্ধান্ত:** দ্রুত নতুন কার্ডের আবেদন গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৩: মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে।**

**আলোচনা:** মশক নিধন কার্যক্রম বিষয়ে বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ এর যুগ্ম পরিচালক বলেন যে, বর্তমান শহরে মশার উপদ্রব বেড়েছে এবং সম্প্রতি দেখা দেওয়া ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ আকার ধারন করেছে। ডেঙ্গু প্রতিরোধে প্রত্যেক ওয়ার্ডে জনসচেতনতা মূলক কার্যক্রম জোড়ালো করার অনুরোধ জানান।

**সিদ্ধান্ত:** জনসচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৪ : মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।**

**আলোচনা:** জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, মা ও শিশু সহায়তা কার্যক্রম বিষয়ে সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় মে/২০২৩ মাস হতে মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ইতোপূর্বে সকল ওয়ার্ড সচিবগণের সাথে সভা করা হয়েছে। এই কার্যক্রমের আওতায় গত জানুয়ারী/২০২৫ মাসে ২৭টি ওয়ার্ড হতে ৩৮ জন দরিদ্র গর্ভবতী মা আবেদন করেছে। তন্মধ্যে ২জন শর্তাবলী পূরণ না করায় প্রাথমিকভাবে বাদ দিয়ে অবশিষ্ঠ ৩৬জন আগ্রহী উপকারভোগীর আবেদন ও ফেব্রুয়ারী/২০২৫ মাসে ২৭টি ওয়ার্ড হতে ১৪১ জন দরিদ্র গর্ভবতী মা আবেদন করেছে। তন্মধ্যে ৬জন শর্তাবলী পূরণ না করায় প্রাথমিকভাবে বাদ দিয়ে অবশিষ্ঠ ১৩৫জন আগ্রহী উপকারভোগীর আবেদন এবং মার্চ/২০২৫ মাসের আগ্রহী উপকারভোগীর আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। গত ২মাসে মোট- ১৭১জন গর্ভবতী মায়ের নামের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। এই মা ও শিশু সেবা সহায়তা কার্যক্রম এখন থেকে প্রতি মাসেই চলমান থাকবে। এ কার্যক্রমের মাধ্যমে সিটি কর্পোরেশন হতে প্রতি মাসে ১৩৫ জন করে উপকারভোগী মা এই সুবিধাটি গ্রহণ করতে পারবে।

**সিদ্ধান্ত:** মা ও শিশু সহায়তা কার্যক্রমটি অধিকতর কার্যকর করার লক্ষ্যে ওয়ার্ড সচিবগণের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭/০৩/২০২৫

মোঃ আতিকুর রহমান
জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ
ও
সভাপতি
সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

# সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার হাজিরা।

সভার স্থান : প্রশাসক মহোদয়ের দপ্তর, এন সি সি।

সভার তারিখ : ২৫/০৩/২০২৫ খ্রিঃ।

| ক্র.নং | নাম | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এ.এইচ.এম কামরুজ্জামান<br>প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | সদস্য | |
| ০২ | মোঃ আতিকুর রহমান<br>জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ | সভাপতি | |
| ০৩ | ডাঃ এ এফ এম মশিউর রহমান<br>সিভিল সার্জন, নারায়নগঞ্জ | সদস্য | |
| ০৪ | মুহাম্মদ ইসমাইল হোসেন<br>যুগ্ম পরিচালক কাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা | সাচিবিক সহায়তা | |